

জাত পরিচিতি

বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট উদ্ভাবিত ধান ব্রি ধান৩৫ বোরো মৌসুমে চাষাবাদের জন্য ১৯৯৮ সালে জাতীয় বীজ বোর্ডের অনুমোদন লাভ করে।

জাতের বৈশিষ্ট্য

- ▶ পূর্ণ বয়স্ক গাছের উচ্চতা প্রায় ১০৫ সেমি।
- ▶ চাল খাটো, মোটা।
- ▶ বাদামী গাছফড়িং প্রতিরোধী।

জীবনকাল

এ জাতটির জীবনকাল ১৫৫ দিন।

ফলন


উপযুক্ত পরিচর্যা পেলে হেক্টর প্রতি ফলন ৫.০ টন।

চাষাবাদ পদ্ধতি

১. বীজ তলায় বীজ বপন : ২০ কার্তিক- ৫ অগ্রহায়ণ তারিখ (৪-১৯ নভেম্বর)।
২. চারার বয়স : ৪০-৪৫ দিন
৩. চারার সংখ্যা : প্রতি গুছিতে ৩টি
৪. রোপন দূরত্ব : ২৫×১৫ সেমি
৫. সার ব্যবস্থাপনা (কেজি/বিঘা):
 - ৫.১ ইউরিয়া টিএসপি এমপি জিপসাম দস্তা
৩০-৪০ ১০-১৪ ৮-১৭ ৪-১০ ০.৭-১.০
 - ৫.২ ইউরিয়া সার সমান ৩ কিস্তিতে রোপনের ১৫-২০ দিন পর ১ম কিস্তি, ৩৫-৪০ দিন পর ২য় কিস্তি এবং ৫০-৫৫ দিন পর ৩য় কিস্তি প্রয়োগ করতে হবে। ইউরিয়া সার প্রয়োগের পর মাটির সাথে মিশিয়ে দিতে হবে।
 - ৫.৩ ইউরিয়া প্রয়োগের সঠিক সময় নির্ণয়ের জন্য লিফ কালার চার্ট ব্যবহার করতে হবে।
৬. আগাছা দমন : রোপনের ৪০-৪৫ দিন পর্যন্ত জমি আগাছামুক্ত রাখতে হবে।
৭. সেচ ব্যবস্থাপনা : ধানের খোর অবস্থা থেকে দানা দুধ অবস্থায় জমিতে পর্যাপ্ত পানির ব্যবস্থা রাখতে হবে।
৮. রোগ বালাই ও পোকামাকড় দমন : রোগবালাই ও পোকামাকড়ের আক্রমণ দেখা দিলে অনুমোদিত বালাই দমন ব্যবস্থাপনা অনুসরণ করতে হবে।
৯. ফসল কাটা : ধান কাটার উপযুক্ত সময় হলো ১-১৫ বৈশাখ (১৪-২৮ এপ্রিল)।



ব্রি ধান৩৫

এলসিসির মাধ্যমে ইউরিয়ার
চাহিদা নির্ধারণ

আরো তথ্যের জন্য :

পরিচালক (গবেষণা), ব্রি, গাজীপুর-১৭০১ ই-মেইলঃ dr@bri.gov.bd

অধিবেশন ২ : মডিউল ২

ফ্যাঙ্ক শীট